দৈনিক জনকণ্ঠ

তারিখ ...0.7 FEB. 1996... ...
পৃষ্ঠা ..১.. কলাম ..২......

# পিঠ দেয়ালে ঠেকে গেছে, আমরা সন্ত্রাসের বিরুদ্ধে



—জনকণ্ঠ

ভিসি'র পদত্যাগ ও জগন্নাথ হলে পুলিশী হামলার প্রতিবাদে মঙ্গলবার ক্যাম্পাসে ছাত্রীদের বিক্ষোভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে পুলিশী হামলা ও সম্প্রতি ক্যাম্পাসে ছাত্রদলের সহিংসতার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রীরা মঙ্গলবার ক্যাম্পাসে বিক্ষোভ ও সমাবেশ কর্মসূচী পালন করে। এই কর্মসূচী পালনকালে ছাত্রী মিছিলে ছাত্রদল কর্মীদের হামলা, ছাত্রী হল লক্ষ্য করে পুলিশের গুলিবর্ষণ ও জগন্নাথ হলে পুলিশী হামলার বিচার দাবি করা হয়।

সচেতন ছাত্রী সমাজের ব্যানারে সাধারণ ছাত্রীদের সমাবেশ চলাকালে ছাত্রদল সমর্থিত ছাত্রী কর্মীরা তাৎক্ষণিক পাল্টা মিছিল বের করে। এ সময় দু'পক্ষ পরস্পরবিরোধী শ্লোগান দেয়।

বেলা দশটা থেকে পূর্বঘোষিত কর্মসূচীর অংশ হিসাবে তিনটি হলের আবাসিক ছাত্রীরা পৃথক পৃথক মিছিল করে অপরাজেয় বাংলার সামনে সমবেত হয়। এখানে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা বলেন, এটা কোন রাজনৈতিক সমাবেশ নয়। সন্ত্রাস ও অরাজকতা প্রতিরোধে আমরা একাবদ্ধ হয়েছি। আমাদের দেয়ালে পিঠ ঠেকে গেছে। সমাবেশ চলাকালে উপাচার্য, প্রোক্টর ও পুলিশের বিরুদ্ধে মুহুর্মুহু শ্লোগান দেয়া হয়। এ

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রীদের বিক্ষোভ

সময় বক্তৃতা করেন সুরাইয়া ইয়াসমিন, সৈয়দা নাসরিন পারভিন, পদ্মা সাহা, রুকসানা শারমিন, আন্‌জুমানআরা মালা প্রমুখ। তাঁরা বলেন, কোন ভদ্রঘরের সন্তান গত পহেলা ফেব্রুয়ারি ছাত্রী মিছিলে হামলা চালায়নি। ছাত্রদল যে অভদ্র, নষ্ট ও সন্ত্রাসীদের লালন পালন করে তা সেদিন প্রমাণিত হয়েছে। জগন্নাথ হলে পুলিশের হামলা এবং উপাচার্য ও প্রোক্টরের নীরবতা সম্পর্কে তাঁরা বলেন, আমাদের অভিভাবক হিসাবে ঐ দু'টি চেয়ার আপনারা আর দখল করে রাখবেন না। আপনারা পদত্যাগ করুন।

ছাত্রদলের ছাত্রী কর্মীরা সমাবেশ করে ডাকসু ভবনের সামনে। এ সমাবেশে বলা হয় যে, ছাত্রলীগের 'বি' টিম হিসাবে সচেতন ছাত্রী সমাজের ব্যানারে একদল ছাত্রী মাঠ গরম করার চেষ্টা করছে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককে ছাত্রী বক্তারা আওয়ামী লীগের নেতা বলে উল্লেখ করেন। তাঁরা আরও বলেন, শিক্ষক সমিতির বর্তমান সভাপতি ও সাধারণ সম্পাদকের পদত্যাগ করা উচিত। সমাবেশে বক্তৃতা করেন

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## পিঠ দেয়ালে

(প্রথম পাতার পর)

রোকেয়া হল ছাত্রী সংসদের ভিপি শিরিন সুলতানা, রেহানা আক্তার রানু, শামীমা আক্তার, খাদিজা আক্তার বন্যা প্রমুখ। উল্লেখ্য, গত সোমবার ছাত্রদলের সমাবেশে শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে বিষোদগার করা হয়েছিল।

**ছাত্রলীগ নিন্দা জানিয়েছে**

ছাত্রলীগ (শো-পা) কয়েকদিনে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অব্যাহত পুলিশী হামলার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে। মঙ্গলবার ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত সমাবেশে এ নিন্দা জানায়।

সমাবেশে এনামুল হক শামীম বলেন, প্রধানমন্ত্রী খালেদা জিয়া ব্যক্তিগত জেদ ও একগুঁয়েমি বজায় রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি উত্তপ্ত করছেন। তিনি বলেন, বর্তমান উপাচার্য নগ্নভাবে বর্তমান সরকারের নীলনক্সা বাস্তবায়নে কাজ করছেন।

সমাবেশে ইসহাক আলী খান পান্না বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিকে আক্রমণ করে ছাত্রদল নেতাদের অরাজনৈতিক ও শিষ্টাচারবর্জিত বক্তব্যের তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, ছাত্রদল নেতারা অস্ত্রের দাপটে শিক্ষকদের হুমকি দেয়ার দুঃসাহস দেখাচ্ছে, যা ছাত্র সমাজ সহ্য করবে না। বিজ্ঞপ্তি।